# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 26-01-2026** **Time: 1.30 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ–

১) ৭৭-তম সাধারণতন্ত্র দিবসে রাজধানীর কর্তব্যপথের কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। উপস্থিত ছিলেন উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী।
রাষ্ট্রপতি এদিন মহাকাশচারী গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লাকে অশোকচক্র প্রদান করেছেন।

পশ্চিমবঙ্গের মূল অনুষ্ঠানটি হয় কলকাতার রেড রোডে। কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন রাজ্যপাল সিভি আনন্দ বোস।

২) উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী দেশবাসীকে সাধারণতন্ত্র দিবসের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন।

৩) রাষ্ট্রপতি সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে তাঁর ভাষণে বলেছেন,দেশের উন্নতির জন্য মহিলাদের সক্রিয় অংশগ্রহণ ও স্বাবলম্বী হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। মা ও বোনেরা অচলায়তন ভেঙে এগিয়ে চলেছেন।

৪) ফিলিপিন্সে ভয়াবহ জাহাজডুবির ঘটনায় ১৩ জনের মৃত্যু হয়েছে। নিখোঁজ শতাধিক।

৫) মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঞ্চলে প্রবল তুষার ঝড়ে বহু মানুষের মৃত্যুর আশঙ্কা।

oooooooooooooooooooooo

চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় দেশজুড়ে ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুরমু নতুনদিল্লীর কর্তব্য পথে মূল অনুষ্ঠানের নেতৃত্ব দেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় যুদ্ধ স্মারকে সকালে শ্রদ্ধা নিবেদন করেন।

( কর্তব্য পথের - আওয়াজ)

দিনের শুরুতে অনুষ্ঠানস্থলে রাষ্ট্রপতির কুচকাওয়াজ অনুষ্ঠানের প্রধান অতিথি ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আন্টোনিও কোস্তা এবং ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরশুলা ফন ডেয়ার লায়ান । রাষ্ট্রপতি জাতীয় পতাকা উন্মোচনের পর ২১ বার তোপ ধ্বনির পর জাতীয় সংগীত পরিবেশিত হয়।

এবারের কর্তব্য পথের কুচকাওয়াজের মূল ভাবনা ছিল, “স্বতন্ত্র কা মন্ত্র – বন্দে মাতরম” এবং “সমৃদ্ধিকা মন্ত্রঃ আত্মনির্ভর ভারত”। কুচকাওয়াজে ৩০টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ট্যাবলো প্রদর্শিত হয়। এছাড়াও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও দফতর এতে অংশ নেয়। বন্দেমাতরমের মূল সুর-টিকে তুলে ধরে বৈচিত্র্যের মধ্যে দেশের সাংস্কৃতিক ঐতিহ্য কিভাবে একাত্ম হয়েছে তা এবারের প্যারেডে তুলে ধরাই ছিল মূল লক্ষ্য।

সেনা বাহিনী এদিন, ব্রাহ্মস্ ও আকাশ ক্ষেপণাস্ত্র এবং সেই সঙ্গে রকেট লঞ্চার- সূর্যাস্ত প্রদর্শন করে। ভারতের মূল যুদ্ধ ট্যাঙ্ক অর্জুনও প্রদর্শিত হয়। ফ্লাইপাস্টে অংশ নেয় ২৯-তম ইন্ডিয়ান এয়ার ফোর্স এয়ারক্রাফ্ট, রাফালে সুখই-৩০, মিগ-২৯ ও অ্যাপাচে হেলিকপ্টার সহ আরও বিভিন্ন সমরাস্ত্র।

oooooooooooooooooooooo

দেশের বিভিন্ন রাজ্য থেকে সাধারণতন্ত্র দিবস উদযাপিত হয়েছে।

পশ্চিমবঙ্গে কলকাতার রেড রোডে সাধারণতন্ত্র দিবসের বর্ণময় কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্য বিধানসভার অধ্যক্ষ ও বিমান বন্দ্যোপাধ্যায় সহ বহু বিশিষ্ট ব্যক্তি ও সেনা কর্তাদের উপস্থিতিতে রাজ্যপাল জাতীয় পতাকা উন্মোচন করেন।

ত্রিপুরায় মূল অনুষ্ঠানটি হয় আগরতলার আসাম রাইফেলস ময়দানে| জাতীয় পতাকা উন্মোচন করেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু| রাজ্যপাল বিভিন্ন বাহিনীর সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন ও অভিবাদন গ্রহন করেন| রাজ্য বাসীর

উদ্দেশে এক ভাষনে রাজ্যপাল, সুখ শান্তিময় এবং সমৃদ্ধ ত্রিপুরা গড়ার জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান|

আসামের গুয়াহাটিতে খানাপাড়ায় মূল অনুষ্ঠানের নেতৃত্ব দেন রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য। তিনি বিশিষ্টজনেদের উপস্থিতিতে জাতীয় পতাকা উন্মোচন করেন। মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা ডিব্রুগড়ে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উন্মোচন করেন।

ওড়িশায় ভুবনেশ্বরে মহাত্মা গান্ধী মার্গে সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উন্মোচন করেন রাজ্যপাল হরি বাবু কাম্ভাম্পতি। CRPF, ওড়িশা Industrial Security Force, Home Guards ও Civil Defence বাহিনীর সদস্যদের কাছ থেকে তিনি অভিবাদন গ্রহণ করেন।

ছত্তিশগড়ের রাজ্যপাল রমেন ডেকা রাজধানী রায়পুরে মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উন্মোচন করেন। তিনি বলেন, এই রাজ্য মাওবাদীদের আতংকে দীর্ঘদিন জর্জরিত ছিল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর যথাযথ পরিকল্পনায় রাজ্য মাওবাদী সমস্যা থেকে মুক্ত হয়েছে।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ৭৭ তম সাধারণতন্ত্র দিবসে সশস্ত্র বাহিনীর ৭০ জন সৈনিককে বীরত্বের জন্য পুরস্কার প্রদান করেছেন। মরণোত্তর পুরস্কার দেওয়া হয়েছে ৬ জন কে। আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যাওয়া প্রথম ভারতীয় মহাকাশচারী বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লাকে, দেশের সর্বোচ্চ শান্তিকালীন বীরত্ব সম্মান, অশোক চক্র প্রদান করা হয়।

মেজর অর্শদীপ সিং, নায়েব সুবেদার দোলেশ্বর সুব্বা সিং ও গ্রুপ ক্যাপ্টেন প্রশান্ত বালা কৃষ্ণাণ নায়ার কীর্তি চক্র পুরস্কারে ভূষিত হয়েছেন।

oooooooooooooooooooooooo

উপরাষ্ট্রপতি সিভি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় উপ রাষ্ট্রপতি বলেছেন, ন্যায় স্বাধীনতা সাম্য ও মৈত্রীর কালোত্তীর্ণ আদর্শে ভারতের সাধারণতন্ত্র প্রাণবন্ত হয়ে উঠেছে। সংবিধান প্রণেতাদের দূরদর্শিতাকে শ্রদ্ধা জানানোর পাশাপাশি তিনি নাগরিকদের গণতান্ত্রিক মূল্যবোধ সম্পর্কে সচেতন ও কর্তব্যপরায়ণ হয়ে ওঠার আহ্বান জানান। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের স্বপ্ন পূরণে নাগরিকদের একজোট হয়ে কাজ করতে হবে বলেও উপরাষ্ট্রপতি অভিমত ব্যক্ত করেন।

সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন উন্নত ভারত গঠনের লক্ষ্যে নাগরিকরা নব চেতনায় ও উৎসাহে উদ্দীপিত হয়ে উঠবেন। মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে ভারতকে বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের ভিত্তি হিসেবে অভিহিত করে শুভেচ্ছা জানিয়েছেন।

oooooooooooooooooooooo

**স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ সাধারণতন্ত্র দিবসে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি স্বাধীনতা সংগ্রামী ও সংবিধান প্রণেতাদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। শ্রী শাহ্ বলেছেন, বিকশিত ভারতের ভাবনাকে আরও মজবুত করার লক্ষে দেশবাসীকে প্রতিজ্ঞা করতে হবে।**

oooooooooooooooooooooo

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারতীয় প্রজাতন্ত্রে নাগরিকের অধিকারই সর্বাগ্রে গুরুত্ব পায়। এই গণতন্ত্র শুধু নাগরিকের বা নাগরিকের দ্বারা পরিচালিত নয়, ভারতীয় গণতন্ত্র নাগরিকের জন্য নিবেদিতও বটে। একটি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশিত এক প্রবন্ধে তিনি বলেছেন, রাষ্ট্র কতটা বিশ্বস্তভাবে নাগরিকের সেবা করতে পারে তার ওপর সাধারণতন্ত্রের ভবিষ্যৎ নির্ভর করছে। মানুষের সেবা করা দায়বদ্ধতা ও ধারাবাহিকতার ব্যাপার। প্রতিরক্ষামন্ত্রীর মতে, দেশ এখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির

নেতৃত্বে এই পথেই চলেছে। তিনি ৭৭-তম সাধারণতন্ত্র দিবস উপলক্ষে জনগণকে শুভেচ্ছাও জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন দেশের হাইকমিশন ও ভারতীয় দূতাবাসেও যথাযোগ্য মর্যাদার সঙ্গে সাধারণতন্ত্র দিবস পালিত হচ্ছে। সিঙ্গাপুরের হাইকমিশনে আয়োজিত অনুষ্ঠানে ভারতীয় বংশদ্ভুত বহু মানুষ উপস্থিত ছিলেন। পতাকা উন্মোচন করেন, হাইকমিশনার ডঃ শিল্পক আম্বুলে। ঢাকায় উৎসাহ উদ্দীপনার সঙ্গে দেশের সাধারণতন্ত্র দিবস পালিত হয়েছে। পতাকা উন্মোচন করেছেন হাইকমিশনার প্রণয় ভার্মা।পরে তিনি ৭৭-তম সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রদত্ত ভাষণের নির্বাচিত অংশ পড়ে শোনান। শ্রীলঙ্কার হাইকমিশন ও ডেপুটি হাইকমিশনগুলিতে মর্যাদার সঙ্গে দিনটি পালন করা হয়। কলম্বোয় জাতীয় পতাকা উন্মোচন করেন হাইকমিশনার সন্তোষ ঝা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশের উন্নতির জন্য মহিলাদের সক্রিয় অংশগ্রহণ ও স্বাবলম্বী হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। মা ও বোনেরা অচলায়তন ভেঙে এগিয়ে চলেছেন। দেশের উন্নয়নে তাঁরা সক্রিয় অবদান রাখছেন। নারীশক্তির ক্রমবর্ধমান অগ্রগতি দেশের লিঙ্গ সমতা ও গণতন্ত্রে উজ্জ্বল অবদান রাখবে। সাধারণতন্ত্র দিবসের প্রাক-সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে রাষ্ট্রপতি বলেন, মহিলাদের স্বাস্থ্য, শিক্ষা, নিরাপত্তা এবং অর্থনৈতিক ক্ষমতায়নের কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টা বহু ক্ষেত্রে নারীর অংশগ্রহণকে বাড়িয়ে তুলেছে। 'প্রধানমন্ত্রী জন ধন যোজনা'র আওতায় এখন পর্যন্ত ৫৭ কোটিরও বেশি ব্যাংক অ্যাকাউন্ট খোলা হয়েছে, যার মধ্যে প্রায় ৫৬ শতাংশই মহিলাদের।

( বাইট- রাষ্ট্রপতি )

০০০০০০০০০০০০০০০০০০০০০

ফিলিপিন্সে একটি ভয়াবহ জাহাজডুবির ঘটনায় বহু যাত্রীর মৃত্যু হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। জাম্বোয়াঙ্গা থেকে সুলু প্রদেশের জোলো দ্বীপগামী জাহাজটি দক্ষিণ

ফিলিপিন্সের কাছে সমুদ্রে ডুবে যায়। এতে ২৭ জন ক্রু ও ৩৩২ জন সাধারণ যাত্রী ছিলেন।ফিলিপিন্সের উপকূলরক্ষী বাহিনী এ পর্যন্ত ১৩ টি মৃতদেহ উদ্ধার করেছে। ২১৫ জন যাত্রীর প্রাণ বাঁচাতেও তাঁরা সক্ষম হয়। যদিও ১০০ জনের এখনও কোনও খোঁজ পাওয়া যাচ্ছে না।

oooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রে তীব্র তুষার ঝড়ে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বহু উড়ান বাতিল,অন্যান্য পরিবহনও স্তব্ধ। দেশের দক্ষিণ ও দক্ষিণপূর্ব অংশে তুষার ঝড়ের প্রকোপে বহু মানুষের প্রাণ গিয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। তীব্র শৈত্যপ্রবাহের সঙ্গে যুক্ত হয়েছে বৃষ্টির প্রকোপ। মধ্য অতলান্তিক সাগর সংলগ্ন বহু এলাকা এখনও বিদ্যুৎ বিচ্ছিন্ন। টেনেসি প্রদেশে অবস্থা ভয়াবহ। সেখানে বহু নাগরিক বিদ্যুৎবিহীন অবস্থায় রয়েছেন। টেলি সংযোগ বিচ্ছিন্ন হওয়ায় সর্বত্র ঠিকমতো যোগাযোগ করাও সম্ভব হচ্ছে না। ন্যাশভিলের বিদ্যুৎ সংস্থা জানিয়েছে, কবে সরবরাহ স্বাভাবিক হবে, তা এখনও নিশ্চিত নয়।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo